

সফররত রাজকীয় থাই প্রতিরক্ষা বাহিনী প্রধানের ঢাকা সেনানিবাসে ব্যস্ত দিন অতিবাহিত

ঢাকা, ০৭ আগস্ট ২০১৭ঃ থাই প্রতিরক্ষা বাহিনী প্রধান জেনারেল সুরাপং সোয়ানা-অদ্থ (General Surapong Suwana-Adth) আজ সোমবার (০৭-৮-২০১৭) ঢাকা সেনানিবাসস্থ সেনা সদরদপ্তরে সেনাবাহিনী প্রধান জেনারেল আবু বেলাল মোহাম্মদ শফিউল হক (General Abu Belal Muhammad Shafiuul Huq) এর সাথে সৌজন্য সাক্ষাত করেন। সাক্ষাতকালে তাঁরা পারস্পরিক কুশলাদি বিনিময় ছাড়াও দু'দেশের সেনাবাহিনীর বিদ্যমান সুসম্পর্ক, প্রশিক্ষণ ও পেশাগত বিভিন্ন বিষয়ে আলোচনা করেন।

পরে, রয়েল থাই প্রতিরক্ষা বাহিনী প্রধান বনানীস্থ নৌসদর দপ্তরে নৌবাহিনী প্রধান এডমিরাল নিজামউদ্দিন আহমেদ এর সাথে সৌজন্য সাক্ষাত করেন।



আজ সোমবার সকালে (০৭-০৮-২০১৭) বনানীস্থ নৌসদর দপ্তরে নৌবাহিনী প্রধান এডমিরাল নিজামউদ্দিন আহমেদ এর সাথে বাংলাদেশে সফররত রয়েল থাই সশস্ত্র বাহিনীর প্রধান জেনারেল সুরাপং সুরানা-আদ্থ (General Suragong Suwana-adth, Chief of Defence Forces, Royal Thai Armed Forces) সৌজন্য সাক্ষাতে মিলিত হন।

ছবি : আইএসপিআর।

এ সময় নৌসদরের পিএসওগণ, থাইল্যান্ডে নিযুক্ত বাংলাদেশের ডিফেন্স এ্যাটাশে, উক্ত প্রতিনিধি দলের উর্ধ্বতন কর্মকর্তাসহ নৌসদরের পদস্থ কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। সাক্ষাতকালে তিনি নৌপ্রধানের সাথে কিছু সময় অতিবাহিত করেন এবং পারস্পারিক কুশল বিনিময় করেন। এসময় তাঁরা পেশাগত বিভিন্ন বিষয়ে আলোচনা করেন। এর আগে, জেনারেল সুরাপং সোয়ানা-অদ্থ নৌসদরে এসে পৌঁছালে সহকারী নৌ প্রধান (অপারেশন্স) রিয়ার এডমিরাল এম মকবুল হোসেন তাঁকে স্বাগত জানান।

থাই প্রতিরক্ষা বাহিনী প্রধান এর নেতৃত্বে প্রতিনিধি দলটি বিমান বাহিনী সদর দপ্তরে বিমান বাহিনী প্রধান এয়ার মার্শাল আবু এসরার এর সাথে সৌজন্য সাক্ষাত করেন। সাক্ষাতকালে তারা পারস্পরিক কুশল বিনিময় ও দ্বিপাক্ষিক স্বার্থসংশ্লিষ্ট বিষয়ে মত বিনিময় করেন।

এর আগে, থাই প্রতিরক্ষা বাহিনী প্রধান ঢাকা সেনানিবাসস্থ শিখা অনির্বাণে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে বাংলাদেশের মহান স্বাধীনতায়ুদ্ধে শাহাদত বরণকারী সশস্ত্র বাহিনীর বীর সদস্যদের স্মৃতির প্রতি শ্রদ্ধা নিবেদন করেন। এরপর, সেনাকুঞ্জে তাঁকে বাংলাদেশ সেনাবাহিনীর একটি চৌকস দল ‘গার্ড অব অনার’ প্রদান করে। সেখানে তিনি একটি গাছের চারা রোপন করেন।

উল্লেখ্য, জেনারেল সুরাপং সোয়ানা-অদ্থ এর নেতৃত্বে আট সদস্যের প্রতিনিধিদলটি তিন দিনের রাষ্ট্রীয় সফরে গত ০৬ আগস্ট ঢাকায় আগমন করেন। এ সময় তাঁকে অভ্যর্থনা জানান বাংলাদেশ সেনাবাহিনীর মাস্টার জেনারেল অব অর্ডন্যান্স মেজর জেনারেল মোঃ আব্দুস সালাম খান। সফরকালে তিনি মাননীয় প্রধানমন্ত্রীর সাথে সৌজন্য সাক্ষাত করবেন। প্রতিনিধিদলটি বিভিন্ন সামরিক-অসামরিক স্থাপনা ও প্রতিষ্ঠান পরিদর্শন শেষে আগামী ০৮ আগস্ট ঢাকা ত্যাগ করার কথা রয়েছে।